

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৫৮৯

১৪/ হদ্দ (দন্ড) (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ১৪/২৫. ক্রীতদাস চুরির অপরাধ করলে

بَابِ الْعَبْدِ يَسْرِقُ

#### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو أُسَامَة، عَنْ أَبِي عَوَانَةَ، عَنْ عُمَرَ بْنِ أَبِي سَلَمَة، عَنْ أَبِي عَوَانَة، عَنْ أَبِي هُرَيْرَة، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا سَرَقَ الْعَبْدُ فَبِيعُوهُ وَلَوْ بِنَشٍ ".

#### বাংলা

১/২৫৮৯। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ক্রীতদাস চুরির অপরাধ করলে বিশ দিরহামের বিনিময়ে হলেও তাকে বিক্রি করে দাও।

## **English**

It was narrated Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said: "If a slave steals, then sell him, even for half Price.' "

### ফুটনোট

আবূ দাউদ ৪৪১২, আহমাদ ৮২৩৪, ৮২৪৬, ৮৪৫৭, ৮৭৯৭, মিশকাত ৩৬০৬, যইফ আল-জামি ৫৪৬।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী উমার বিন আবু সালামাহ সম্পর্কে আহমাদ বিন শুআয়ব আন নাসাঈ বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। ইবরাহীম বিন ইয়াকুব আল-জাওযুজানী বলেন, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪২৪৭, ২১/৩৭৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন